

স্মারক নং-০৫.৪১.৩০০০.০০৯.০৬.০২৫.১৫- ৫০০

তারিখ : ০৪ কার্তিক ১৪২২
২১ অক্টোবর ২০১৫

বিষয় : ফেরিঘাটসমূহের খাস আদায়ের তথ্য এ কার্যালয়ে এবং খাসের অর্থ অতিরিক্ত কমিশনার (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা বরাবর প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : এ কার্যালয়ের কার্যবিবরণীর স্মারক নং- ৬-এস,এ-০৭/২০১১-৭৯৮ তারিখ : ১৩/১০/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিশ্রেফিকিতে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগীয় আন্তঃজেলা ও ঢাকা-খুলনা বিভাগীয় আন্তঃবিভাগীয় মোট ১৫(পনের)টি ঘাট যথাক্রমে ১। চরভদ্রাসন-মৈনট আন্তঃজেলা লঞ্চ/ফেরিঘাট (দোহার, ঢাকা-চরভদ্রাসন, ফরিদপুর), ২। পূর্ব নাওডোবা-মাওয়া আন্তঃজেলা খেয়াঘাট (শরীয়তপুর জেলার পাড় অংশ) ৩। পিয়াজখালী-চরবলাশিয়া-চরবলাশিয়া (মাদ্রাসাঘাট) কঞ্চদেবপুর-বাঁশতলা-জোয়ার-নারিশা আন্তঃজেলা ফেরিঘাট (দোহার, ঢাকা-সদরপুর, ফরিদপুর), ৪। নয়াবাড়ী-হাজীগঞ্জ আন্তঃজেলা ফেরিঘাট (দোহার, ঢাকা-চরভদ্রাসন, ফরিদপুর), ৫। জামালপুর-বাগপাড়া আন্তঃজেলা ফেরিঘাট (কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী), ৬। যোড়াশাল আন্তঃজেলা ফেরিঘাট (কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী), ৭। পলাশ আন্তঃজেলা ফেরিঘাট (কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী), ৮। বাসাইর বাজার-কদমতলী আন্তঃজেলা ফেরিঘাট (কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী), ৯। পাইকান আন্তঃজেলা ফেরিঘাট (মনোহরদী, নরসিংদী-কটিয়াদী, কিশোরগঞ্জ), ১০। শিকদার পাড়া আন্তঃজেলা ফেরিঘাট (ময়মনসিংহ সদর, ময়মনসিংহ-নকলা, শেরপুর), ১১। চাপাইল আন্তঃবিভাগীয় ফেরিঘাট (গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল), ১২। পুকুরিয়া যোগানিয়া আন্তঃ বিভাগীয় ফেরিঘাট (গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল), ১৩। জয়নগর আন্তঃবিভাগীয় ফেরিঘাট (গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল), ১৪। ডিগ্রিচর-দুর্গাপুর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট (গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-লোহাগড়া, নড়াইল) এবং ১৫। ছোটফা মঙ্গলপুর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট (গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-লোহাগড়া, নড়াইল) এর মধ্যে যে সকল ফেরিঘাট ইজারা প্রদান করা সম্ভব হয়নি। সে সকল ফেরিঘাটসমূহের খাস আদায় সংক্রান্ত তথ্যাদি মাসিক ও বাৎসরিক ভিত্তিতে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে নিম্নোক্ত ছক মোতাবেক হার্ডকপি এবং foysalahammad@gmail.com ই-মেইল-এর মাধ্যমে সফটকপি এ কার্যালয়ে প্রেরণ এবং পারিপার্শ্বিক অবস্থা সরেজমিনে পর্যালোচনা করে ফেরিঘাটগুলোর সম্ভাব্য মূল্য পুনঃ নির্ধারণ বা অবলোপনের প্রয়োজন কিনা এ বিষয়ে প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ফেরিঘাট এর খাস আদায় সংক্রান্ত মাসিক প্রতিবেদন

মাসের নাম :


জেলার নাম	ফেরিঘাটের নাম	তারিখ (দৈনিক খাস আদায়ের)	খাস আদায়ের পরিমাণ (টাকায়)	মন্তব্য
মাসের সর্বমোট আদায়কৃত টাকার পরিমাণ				

ফেরিঘাট এর খাস আদায় সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

ক্রমিক নং	জেলার নাম	ফেরিঘাটের নাম	মাসের নাম ও সাল	খাস আদায়ের পরিমাণ (টাকায়)	মন্তব্য
০১					
০২					
মাসিক/বার্ষিক সর্বমোট আদায়কৃত টাকার পরিমাণ					

০২। কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়ের ওয়েবসাইট www.dhakadiv.gov.bd-এর বিভাগীয় প্রশাসন+রাজস্ব প্রশাসন শাখা+আন্তঃজেলা আন্তঃ বিভাগীয় ফেরিঘাট অপশনে ফেরিঘাট সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

০৩। পরবর্তী বাংলা বর্ষের ১ম মাসের ০৫ তারিখের মধ্যে যে সকল ঘাট ইজারা প্রদান করা সম্ভব হয়নি সে সকল ঘাটের খাস আদায়কৃত অর্থ অতিরিক্ত কমিশনার (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা বরাবর এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(জিহরুল ইসলাম)

উপপরিচালক

স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।

ফোন : ৮৩৯১৯১৩

ফ্যাক্স : ৯৩৪৯৯৯৯

এবং

সদস্য সচিব,

আন্তঃজেলা/আন্তঃবিভাগীয়

ফেরিঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।

জেলা প্রশাসক,

ঢাকা/ফরিদপুর/শরীয়তপুর/গাজীপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/

ময়মনসিংহ/শেরপুর/গোপালগঞ্জ/নড়াইল।